AQA

A-level

# BENGALI

Paper 3 Listening, Reading and Writing

# Insert

Text to be used when answering Multi-skill task Question 6.

## Listening

### ছাত্র রাজনীতি

Make your notes below on the key points of the recording.

## Reading

### ছাত্র রাজনীতি

বিশ্ববিদ্যালয় পর্যায়ে কারিকুলাম শিক্ষার্থীকে কোনো বিষয়ে শুধুমাত্র দক্ষ করে গড়ে তোলাই নয়, বরং বুদ্ধি ও চিন্তায়, ব্যক্তিত্বে আর সহনশীলতায় একজন সম্পূর্ণ মানুষ তৈরি করাও এই শিক্ষার উদ্দেশ্য। এসব গুণাবলী বিকাশের জন্য শিক্ষা প্রতিষ্ঠানে নানাবিধ ব্যবস্থা থাকে। এসবের মধ্যে ছাত্র সংসদ একটি প্রচলিত ব্যবস্থা। ছাত্র সংসদের বিভিন্ন কর্মকাণ্ডের মধ্যে দিয়ে ছাত্রদের উন্মেষ ঘটে জীবনবোধ আর সৃজনশীলতার। শিক্ষক ও প্রশাসনের পৃষ্ঠপোষকতায় এ ধরনের ছাত্র সংসদ যৌক্তিক দাবী আদায়ে সচেষ্ট থাকে। এসবের মাধ্যমে ছাত্রদের নেতৃত্ব বিকাশে ও সাংগঠনিক দক্ষতা অর্জনে ছাত্র সংসদ ব্যাপক ভূমিকা রাখে। আলাদা করে ছাত্রদের কোন রাজনৈতিক মতাদর্শ থাকলেও সামগ্রিকভাবে কার্যকরী ছাত্র সংসদগুলো সম্পূর্ণভাবে রাজনীতি মুক্ত থাকে। এসব ছাত্র সংসদগুলো কোনো ক্ষেত্রেই কোনো জাতীয় রাজনৈতিক দলগুলো দ্বারা প্রভাবিত হয় না। ছাত্ররা রাজনীতি সচেতন হবে, তবে রাজনীতি করবে না এটাই কাম্য।

আমাদের দেশের ছাত্র আন্দোলনের সফলতা ইতিহাস বদলে দেবার মতো। অতীতে ছাত্ররাই নিঃস্বার্থভাবে দেশ আর সমাজের প্রয়োজনে ঝাঁপিয়ে পড়েছে। যেকোনো দুর্যোগ মোকাবেলায় ছাত্রসমাজ এগিয়ে এসেছে। তাই ছাত্র রাজনীতি নিয়ে কোন আশঙ্কা থাকার কথা না। কিন্তু গত তিন দশকে ছাত্র রাজনীতির মূল উদ্দেশ্য ব্যাপকভাবে বদলে গিয়েছে। স্বার্থ আর ক্ষমতালোভী দৃষ্টিভঙ্গি ধারণ করার কারণে ছাত্র রাজনীতি হয়ে পড়েছে পেশীশক্তি আর সন্ত্রাস নির্ভর।

বর্তমান সময়ে ছাত্র সমাজের সামনে হয়তো ভাষা আন্দোলন বা মুক্তিযুদ্ধের মতো ইস্যুগুলো নেই, তবে একত্রিত হয়ে আন্দোলনে নামার মতো কোনও সংকটই যে নেই তাও ঠিক নয়। স্বাধীনভাবে মত প্রকাশের বাধা, বিচারহীনতার সংস্কৃতি, দুর্নীতি, এসব ব্যর্থতার বিরুদ্ধে গণজাগরণ সৃষ্টি করার খুব একটা চেষ্টা আজকাল ছাত্র সমাজের মধ্যে দেখা যাচ্ছে না।

এমনিতর সময়ে আমাদের ভেবে দেখা দরকার ছাত্র রাজনীতির প্রয়োজনীয়তার। দেশ যখন কোনো সঙ্কটে পড়বে, তখন সচেতনাবোধ থেকে ছাত্ররা এমনিতেই এগিয়ে আসবে। বাংলার ভূখণ্ডে কোন অশুভ শক্তিকেই তারা প্রশ্রয় দিবে না।

**Turn over ▶**

## Reading

Make your notes below on the key points of the reading text.

**Copyright information**

For confidentiality purposes, all acknowledgements of third-party copyright material are published in a separate booklet. This booklet is available for free download from www.aqa.org.uk after the live examination series.

Copyright © 2020 AQA and its licensors. All rights reserved.